গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.৪৭.০০৪.২৩-৯৮-৯

তারিখ ঃ ৮ মাঘ ১৪২৯ । ২২ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

## জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন ও ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন ২০(বিশ) একর পর্যন্ত খাস বদ্ধ জলাশয় সমূহ ১৪৩০ বাংলা সনের ১লা বৈশাখ হতে ১৪৩২ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ৩(তিন) বছরের জন্য প্রকৃত মৎস্যজীবিদের সংগঠন ও প্রকৃত মৎস্যজীবিদের সমিতির নিকট ইজারা প্রদানের নিমিত্ত আবেদনপত্রে উল্লেখিত শর্ত সাপেক্ষে সীল মোহরকৃত খামে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। মৎস্যজীবিদের সংগঠন/ সমিতি সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হতে হবে। বদ্ধ জলমহাল সমূহের তালিকা, সংশ্লিষ্ট ইউনিয়নের নাম, সরকারি মূল্য, এবং আবেদপত্রের মূল্য নিম্নরূপ ঃ

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | বদ্ধ জলাশয়ের নাম ও বিবরণ | সরকারি মূল্য | আবেদন পত্রের মূল্য |
|---|---|---|---|---|
| ১। | ০৮নং চরএলাহী | চরএলাহী বাজার প্রকাশ্য মসজিদ পুকুর, ২৬/২৪ চরএলাহী, দাগ নং ২৪১,২৪২ পরিমাণ : ১.০৯ একর | ৮৫০০/- | ৫০০/- |
| ২। | ঐ | চরএলাহী পুকুর, ২৬/২৪ চরএলাহী, দাগ নং- ২২৮,২২৯,২৬৭,২৪৬ পরিমাণ : ২.৬০ একর | ১৫০০০/- | ৫০০/- |
| ৩। | ঐ | গাংচিল ০৮ নং চরএলাহী পুকুর, ৩৬নং গাংচিল, দাগ নং- ৫২৫/৯ পরিমাণ ঃ ১.০০ একর | ৮০০০/- | ৫০০/- |

২। আবেদনপত্র ক্রয়, দাখিল ও খোলার সময় নিম্নরূপ ঃ

| বার | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও স্থান |
|---|---|---|---|
| ১ম বার | ৩১-০১-২০২৩খ্রিঃ সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) | ০১-০২-২০২৩ খ্রিঃ সকাল ৯টা হতে দুপুর ২ টা পর্যন্ত | ০১-০২-২০২৩ খ্রিঃ (বেলা ৩.৩০ ঘটিকা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |
| ২য় বার | ১২-০২-২০২৩খ্রিঃ সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) | ১৩-০২-২০২৩ খ্রিঃ সকাল ৯টা হতে দুপুর ২ টা পর্যন্ত | ১৩-০২-২০২৩ খ্রিঃ (বেলা ৩.৩০ ঘটিকা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |
| ৩য় বার | ২৩-০২-২০২৩খ্রিঃ সকাল ৯:০০ টা হতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত (ছুটির দিন ব্যতীত) | ২৬-০২-২০২৩ খ্রিঃ সকাল ৯টা হতে দুপুর ২ টা পর্যন্ত | ২৬-০২-২০২৩ খ্রিঃ (বেলা ৩.৩০ ঘটিকা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |

শর্তাবলী ঃ

০১। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত কেবল মাত্র সে সকল সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। উক্ত সমিতিতে যদি প্রকৃত মৎস্যজীবি নহেন, এমনকোন সদস্য থাকে, তাহলে সে সমিতি জলমহাল ইজারা বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে।

০২। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি সরকারি জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবেন না।

০৩। জলমহালের নিকটবর্তী/ তীরবর্তী নিবন্ধিত স্থানীয় প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা বন্দোবস্তের ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবি সংগঠন পাওয়া না গেলে সেক্ষেত্রে পার্শ্ববর্তী জেলা/ উপজেলা মৎস্যজীবি সংগঠন/সমিতিকে বন্দোবস্ত/ইজারা প্রদানের বিষয়ে বিবেচনা করা হবে।

০৪। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী কাঙ্খিত ইজারা মূল্য ও প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমবায় সমিতি/ সমিতি না পাওয়া পর্যন্ত পর্যায়ক্রমে বন্দোবস্ত/ইজারার আবেদন বিক্রয় ও গ্রহণ কার্য অব্যাহত থাকবে।

০৫। বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে উপজেলার নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এবং সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী এর কার্যালয় হতে আবেদনপত্র ক্রয় করা যাবে। আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র এবং বিগত ০২(দুই) বছরের অডিট রিপোর্ট আবেদনের সঙ্গে দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/ সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না। পূরণকৃত আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রাদি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এবং উপজেলা ভূমি অফিস, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এ রক্ষিত নির্ধারিত বাক্সে জমা প্রদান করতে হবে।

০৬। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী সংশ্লিষ্ট জলমহালের তীরবর্তী/নিকটবর্তী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/ সমিতিগুলো প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

০৭। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও জলমহালের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৮। আবেদন অসম্পূর্ন থাকলে তা বাতিল বলে বিবেচিত হবে।

০৯। আবেদনকারী সংগঠন/সমিতি নির্ধারিত ফরমে আবেদন দাখিলের সময় তাদের সদস্যগণের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যগণের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করতে হবে এবং তার অনুলিপি উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

১০। আগ্রহী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিবের সীল সম্বলিত স্বাক্ষরযুক্ত নির্দিষ্ট ফরমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে সংগঠন/সমিতির কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক হিসাবের লেনদেন সংক্রান্ত প্রত্যয়ন পত্রসহ প্রয়োজনীয় তথ্য সংযোজন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ০৩ বছর মেয়াদী লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/রূপরেখা আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। পূর্বে কোন জলমহালের ইজারামূল্য পরিশোধের খেলাপী হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য কোন মামলা থাকলে উক্ত সংগঠন/ সমিতি জলমহাল ইজারা বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না।

১১। বিজ্ঞপ্তিতে অর্ন্তভুক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজপ্রাপ্ত সমিতির লীজ মানির সাথে উক্ত অর্থ সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২। মৎস্য চাষী সংগঠন/ সমিতির সাথে কোন প্রকার জঙ্গী সম্পৃক্ততা থাকলে কিংবা সময়মত লীজমানি পরিশোধ না করা কিংবা তথ্য গোপন করা কিংবা অন্য কোন অনিয়মের কারণে কমিটি লীজ বাতিল করে পুনঃলীজ প্রদানের ক্ষমতা সংরক্ষণ করবেন।

১৩। ইজারাদার কোনক্রমেই জলমহাল অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।

১৪। কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি ০২(দুই)টির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত পাবে না।

১৫। আবেদনপত্র অনুমোদনের পর প্রথম বছরের সাকুল্য ইজারা মূল্য ১৫(পনের) কর্ম দিবসের মধ্যে সরকারি খাতে জমা প্রদান করতে হবে।

১৬। ইজারাপ্রাপ্ত মৎস্যজীবি সংগঠন/সমিতিকে ১ম বছরের ইজারা মূল্য পরিশোধের সময় ইজারা মূল্যের ১৫% হারে ভ্যাট ও১০% হারে আয়করের টাকা পরিশোধ করতে হবে। সর্ম্পূন টাকা পরিশোধের পর বন্দোবস্ত গ্রহীতা চুক্তিপত্র সম্পাদনক্রমে জলমহালের দখল বুঝে নিবেন। ইজারার অর্থ আংশিক বা কিস্তিতে পরিশোধযোগ্য নয়।

১৭। ইজারা মেয়াদের ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৮। বছরের যে কোন সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১লা বৈশাখ হতে কার্যকর হবে। ইজারার মেয়াদ শেষ হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট জলমহালের উপর ইজারা গ্রহীতার সকল অধিকার বিলুপ্ত হবে। উক্ত জলমহালের সকল অধিকার, স্বত্ব ও দখল স্বয়ংক্রীয়ভাবে উপজেলা নির্বাহী অফিসার তথা সরকারের নিকট ন্যস্ত থাকিবে।

১৯। জলমহাল ইজারা বন্দোবস্ত সম্পর্কিত যাবতীয় তথ্য উপজেলা নির্বাহী অফিসার/ সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

২০। বর্তমান প্রচলিত নীতিমালা এবং এ বিষয়ে সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত সকল বিধি-বিধান/ আইন-কানুন ইজারা গ্রহীতা মানতে বাধ্য থাকবেন।

২১। ইজারা বাতিল সংক্রান্ত যে কোন ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২২। এ ইজারা বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এরূপ কোন বিষয়ে কোন সমস্যা দেখা দিলে সরকারি জলমহাল ব্যবস্থা নীতি, ২০০৯ এবং প্রচলিত অন্যান্য বিধি-বিধান মোতাবেক সিদ্ধান্ত গৃহীত হবে।

২২/১/২৩

মোঃ মেজবা উল আলম ভূঁইয়া
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
ফোন ঃ ০২৩৩৪৪-৯৪২০৪
E-mail: unocompanigonjnoakhali@mopa.gov.bd

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.৪৭.০০৪.২৩- ৬৮৯

তারিখ ঃ ৮ মাঘ ১৪২৯ । 
২২ জানুয়ারি ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নোয়াখালী।
৩। অতিরিক্ত জেলা প্রশাসক ( রাজস্ব), নোয়াখালী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জেলা তথ্য অফিসার, নোয়াখালী। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য এবং অধীনস্থ অফিসের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৩। উপজেলা ---------------------------- কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।
৪। অফিসার ইন-চার্জ, কোম্পানীগঞ্জ থানা, নোয়াখালী- (ইজারার তারিখে প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়েন এর অনুরোধ সহ)।
৫। চেয়ারম্যান, ..............................ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী -তাঁর ইউনিয়নের আওতাধীন বাজার সমূহে ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হল।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .......................... পৌর/ ইউনিয়ন ভূমি অফিস, কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তাঁর ইউনিয়ন ভূমি অফিসের আওতাধীন বাজার সমূহে ঢোল সহরত ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারক্রমে জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
৭। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, ---------------------, নোয়াখালী। উপরোক্ত বিজ্ঞাপনটি আপনার পত্রিকায় আগামী -------------- খ্রিঃ তারিখ (১০ইঞ্চি×৬ ইঞ্চি সাইজে) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৮। জনাব ------------------------------------------ কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

২২/১/২৩

উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী